



নীলের উপোস

নিভা দে

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

--বৌ দি বিকেলে কাজে আসবো না-মিনু ঘর মুছতে মুছতে বলল।

—কাজে আসবি না? আবার? কেন রে?

—নীলের উপোস করছি যে।

—নীলের উপোস? তুই? অঃ, তাই চাটা খেলি না—। তা তুই উপোস করবি কেন? তোর ছেলে কই? ছেলের মায়েরাইতো এই উপোস করে।

—কী যে বলেন, কেন—আমার দু দুটো ছেলে।

—ওরা তো সৎ ছেলে। তোর নিজের পেটের নয় তো।

—আপনি করেছেন না উপোস?

—আমি করবো না? আমার নিজের ছেলেরা রয়েছে—তাদের কল্যাণে—

—তারা কই? সবাই তো আলাদা হ'য়ে গেছে কেউ দেখে আপনাকে? ওরা তবু নিজের ছেলে? আর মন্টু বন্টু এখনো আমার সঙ্গেই আছে মন্টু তো বিয়েও করেছে...। তবু ওরা হ'ল সৎ ছেলে?

—খুব তর্ক শিখেছিস যে? বলি এতই যদি বলছিস শুনে রাখ একটা কথা আছে কুপুত্র যদিও হয় কুমাতা কদাপি নয়। বুঝেছিস? তা এতই ছেলে ছেলে করিস তো পাঁচ বাড়িতে কাজ করিস কেন?

—ঠিক আছে—কাল থেকে আর আসবো না বৌদি কাজ করতে—।

—ওমা, আমি তাই বললাম নাকি? তুই তর্ক করছিস—এর জবাব দিবি। আমাকে ছেলেরা দেখে না বলছিস তোকে তো দেখে—তবু খেটে মরিস কেন? বন্টুতো দু'ব ইয়ে কাজ করে—শুনি যখন আসে দু'বছর অন্তর রাজ্যের জিনিস, টাকা পয়সা নিয়ে আসে—ঘরে তোমার সবই আছে—অবশ্য বিয়ে থা করেনি এখনো বন্টু।

—হ্যাঁ, বৌদি ওই জন্যই কাজ করি। কতদিন খাওয়াবে বলা কি যায়? যতদিন শরীরে কুলোবে কাজকর্ম করি। মাকেও তো দেখতে হয় আমাকে ভাইয়েরা দেখেনা যে। মন্টু তো রিক্সা চালায়। নিজেদের চলে কোন রকমে—আমাকে খাওয়াবে কি? বন্টু আমাকে অনেকবারই কাজ ছাড়তে বলেছে—কিন্তু ভরসা কোথায়, চা রিদিকে যা দিনকাল ওই যে আপনি বললেন— কুপুত্র যদিও হয় কুমাতা কদাপি নয়, কখন তা ঘটবে... আর জানেনই তো সৎ ছেলে, তাই, আচ্ছা বাপু, হয়েছে। ঠিক আছে, আজ নীলের উপোস কর। কাল বিশ্রাম নে। পরশু আসিস কিন্তু...

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com